# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৯৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২৬. কুরআন নির্ধারিত অংশে ভাগ করে তিলাওয়াত করা প্রসঙ্গে

## باب تَحْزِيبِ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا عَبَّادُ بْنُ مُوسَى، أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ، عَنْ إِسْرَائِيلَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَلْقَمَةَ، وَالأَسْوَدِ، قَالاَ : أَتَى ابْنَ مَسْعُودٍ رَجُلٌ فَقَالَ : إِنِّي أَقْرَأُ الْمُفَصَّلَ فِي رَكْعَةٍ. فَقَالَ: أَهَذًّا كَهَذِّ الشِّعْرِ وَنَثْرًا كَنَثْرِ الدَّقَلِ لَكِنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم كَانَ يَقْرَأُ النَّظَائِرَ السُّورَتَيْنِ فِي رَكْعَةٍ الرَّحْمَٰنَ وَالنَّجْمَ فِي رَكْعَةٍ وَاقْتَرَبَتْ وَالْحَاقَّةَ فِي رَكْعَةٍ، وَالطُّورَ وَالذَّارِيَاتِ فِي رَكْعَةٍ وَإِذَا وَقَعَتْ وَن فِي رَكْعَةٍ، وَسَأَلَ سَائِلٌ وَالنَّازِعَاتِ فِي رَكْعَةٍ وَوَيْلٌ لِلْمُطَفِّفِينَ وَعَبَسَ فِي رَكْعَةٍ وَالْمُدَّثِّرَ وَالْمُزَّمِّلَ فِي رَكْعَةٍ، وَهَلْ أَتَى وَلاَ أُقْسِمُ بِيَوْمِ الْقِيَامَةِ فِي رَكْعَةٍ . وَعَمَّ يَتَسَاءَلُونَ وَالْمُرْسَلاَتِ فِي رَكْعَةٍ، وَالدُّخَانَ وَإِذَا الشَّمْسُ كُوِّرَتْ فِي رَكْعَةٍ . قَالَ أَبُو دَاوُدَ : هَذَا تَأْلِيفُ ابْنِ مَسْعُودٍ رَحِمَهُ اللهُ .

ـ صحيح : سرد السور : ق

বাংলা

১৩৯৬। ’আলকামাহ ও আল-আসওয়াদ (রহঃ) সূত্রে বর্ণিত। তারা উভয়ে বলেন, এক ব্যক্তি ইবনু মাসউদের (রাঃ) নিকট এসে বললো, আমি মুফাসসাল সূরাহগুলো (সূরাহ হুজরাত থেকে সূরাহ নাস পর্যন্ত) এক রাক’আতেই পাঠ করে থাকি। তিনি বললেন, এটা তো (খুবই দ্রুত তিলাওয়াত) কবিতা পাঠর অনুরূপ কিংবা গাছ থেকে শুকনো পাতা ঝরে পড়ার মতই। অথচ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সমান দৈর্ঘ্যের দু’টি সূরাহ একত্রে এক রাক’আতে তিলাওয়াত করতেন। যেমন, সূরাহ আন-নাজম ও আর-রহমান এক রাক’আতে এবং ওয়াকতারাবাত ও আল-হাক্কাহ আরেক রাক’আতে। সূরাহ আত-তূর ও ওয়ায্-যারিয়াত এক রাক’আতে এবং সূরাহ ইযা ওয়াক্ব’আত ও সূরাহ নূন অপর রাক’আতে। সাআলা সায়িলুন ও ওয়ান-নাযিআতি এক রাক’আতে, ওয়াইলুল্লিল মুতাফফিফিন ও ’আবাসা আরেক রাক’আতে। আল-মুদ্দাসসির ও আল-মুযযাম্মিল এক রাক’আতে এবং হাল আতা

ও লা উক্বসিমু বি-ইয়াওমিল ক্বিয়ামাহ অপর রাক’আতে, ’আম্মা ইয়াতাসাআলুন ও ওয়াল-মুরসিলাত এক রাক’আতে এবং আদ্-দুখান ও ইযাশ-শামসু কুবিবরাত অপর রাক’আতে। ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, কুরআনের সূরাহগুলোর এ তারতীব ’আবদুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) এর।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## English

Narrated Ibn Mas'ud:

Alqamah and al-Aswad said: A man came to Ibn Mas'ud. He said: I recite the mufassal surahs in one rak'ah. You might recite it quickly as one recites verse (poetry) quickly, or as the dried dates fall down (from the tree).

But the Prophet (ﷺ) used to recite two equal surahs in one rak'ah; he would recite (for instance) surahs an-Najm (53) and ar-Rahman (55) in one rak'ah, surahs Iqtarabat (54) and al-Haqqah (69) in one rak'ah, surahs at-Tur (52) and adh-Dhariyat (51) in one rak'ah, surahs al-Waqi'ah (56) and Nun (68) in one rak'ah, surahs al-Ma'arij (70) and an-Nazi'at (79) in one rak'ah, surahs al-Mutaffifin (83) and Abasa (80) in one rak'ah, surahs al-Muddaththir (74) and al-Muzzammil (73) in one rak'ah, surahs al-Insan (76) and al-Qiyamah (75) in one rak'ah, surahs an-Naba' (78) and al-Mursalat (77) in one rak'ah, and surahs ad-Dukhan (44) and at-Takwir (81) in one rak'ah.

Abu Dawud said: This is the arrangement of Ibn Mas'ud himself

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ এক রাক‘আতে দুই সূরাহ মিলিয়ে পড়া, সূরাহর শেষাংশ পড়া এবং এক সূরাহর পূর্বে আরেক সূরাহ পড়া) হাঃ ৭৭৫), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ ধারাবাহিকভাবে ক্বিরাআত পাঠ করা এবং দ্রুত না করা)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আলকামাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58714

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন